গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
প্লানিং অ্যান্ড ডেভেলপমেন্ট সেল
পরিসংখ্যান ভবন, ৭ম তলা, ব্লক-এ
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.১০৩.০৬.০২০.০৬ (অংশ-১)- ২৩

তারিখ: ০২ চৈত্র ১৪২৩ ব. / ১৬ মার্চ ২০১৭ খ্রি.

বিষয়: ফেব্রুয়ারী ২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

তারিখ	:	২৬/০২/২০১৭ খ্রি.
সময়	:	সকাল ১০.০০ টা
স্থান	:	বিবিএস এর সম্মেলন কক্ষ
সভাপতি	:	মোঃ আমীর হোসেন, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বিবিএস
উপস্থিতি	:	পরিশিষ্ট - 'ক'

০২। সভাপতি মহোদয় উপস্থিত কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতির সম্মতিক্রমে অত্র সেলের পরিসংখ্যান কর্মকর্তা জনাব মো : আমিরুল ইসলাম সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন আপত্তি না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। অত:পর সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা ক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

ক্রমিক নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(০১)	বিগত সভার সিদ্ধান্তে কোন সংশোধনী না থাকায় কার্যক্রম দৃঢ়ীকরণ বিষয়ে আলোচনা হয়।		কার্যক্রম দৃঢ়ীকরণ করা হয়।	
(০২)	অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত	পরিশিষ্ট-'ক' মোতাবেক SSTI ৭টি, এগ্রিকালচার উইং ৬টি, ডেমোগ্রাফী এন্ড হেলথ উইং ২৬টি, কম্পিউটার উইং ১৪টি, সেন্সাস উইং ৪ টি এবং এফএ এন্ড এমআইএস ৯২টি অনিষ্পন্ন কাজ সম্পন্ন করেছে।	সকল উইং প্রত্যেক মাসের ২৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উইং এর অনিষ্পন্ন কাজের তালিকা নির্দিষ্ট ছক (পরিশিষ্ট-'ক') মোতাবেক প্লানিং অ্যান্ড ডেভেলপমেন্ট সেলে প্রেরণ করবেন।	পরিচালক, সংশ্লিষ্ট উইং
(০৩)	অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত	বিভাগীয় এবং জেলা পরিসংখ্যান কার্যালয়ে পত্রের মাধ্যমে ইতোমধ্যে বিষয়টি জানানো হয়েছে।	জেলা এবং উপজেলা পর্যায়ের অডিট আপত্তিগুলো ফিল্ড পর্যায়ে নিষ্পত্তি করতে হবে।	পরিচালক (অর্থ), এফএ অ্যান্ড এমআইএস
(০৪)	কোর্ট মামলাসমুহ	সিপিও কর্তৃক কোর্ট মামলাসমুহ এককভাবে কাজ করছে।	অগ্রাধিকার ভিত্তিতে মামলাসমূহ সম্পন্ন করতে হবে।	যুগ্ম-পরিচালক, এফএ অ্যান্ড এমআইএস ও আইন কর্মকর্তা, এফএ অ্যান্ড এমআইএস
(০৫)	সমাপ্ত প্রকল্পের গাড়ী রাজস্ব খাতে স্থানান্তর প্রসংগে	উপপরিচালক (যানবাহন) জানান ৫৯টি সচল গাড়ী TO & E ভুক্ত করার জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে।	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে যোগাযোগ করে TO & E প্রক্রিয়াটি ত্বরান্বিত করতে হবে।	উপপরিচালক, (সমন্বয়), এফএ অ্যান্ড এমআইএস

মোঃ আমিরুল ইসলাম
পরিসংখ্যান কর্মকর্তা

ক্রমিক নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(০৬)	উপজেলা পর্যায়ে পরিসংখ্যান কর্মকর্তার ৪৬৭ টি ১ম শ্রেণির পদ সৃজন:	উপপরিচালক (বিনিক) জানান, জনপ্রশাসন মন্ত্রণালয়ে বিধিমালা প্রেরণ করা হয়েছে। নিয়োগবিধি SID-থেকে জনপ্রশাসন মন্ত্রনালয়ে পাঠানো হয়েছে।	২৬৭টি প্রথম শ্রেণির (ক্যাডার) পদ সৃজনের প্রস্তাব পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হয়েছে।	উপপরিচালক, (বিনিক), এফএ অ্যান্ড এমআইএস
(০৭)	বিবিএস এর অর্গানোগ্রাম প্রণয়ন	উপপরিচালক (বিনিক) জানান যে, ২২/০২/২০১৭ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে SID-তে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের নির্দেশনার প্রেক্ষিতে অর্গানোগ্রাম প্রস্তুত করা হবে।	স্বল্প সময়ের মধ্যে অর্গানোগ্রাম তৈরীর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	উপপরিচালক, (বিনিক), এফএ অ্যান্ড এমআইএস
(০৮)	বিবিএস এর জনবল নিয়োগ	বরিশাল বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়ের যুগ্ম-পরিচালক জানান, বরিশাল জেলার ৫টি উপজেলায় জনবল প্রায় শূণ্যের কোঠায়। এছাড়াও সিলেট জেলায় জনবলের সংখ্যাও অপ্রতুল।উপ-মহাপরিচালক মহোদয় জানান যে, খুব দ্রুত জনবল নিয়োগ সংক্রান্ত সমস্যার সমাধান করা হবে। রংপুর বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়ের যুগ্ম-পরিচালক বলেন, পরিচালক পর্যায়ের পদোন্নতির বিষয়টির জটিলতা দূর করা উচিত। যেহেতু কারো নামে দুর্নীতি দমন কমিশনের মামলা নেই কাজেই বিষয়টির দ্রুত সুরাহা করা উচিত । মহাপরিচালক এ বিষয়ে সম্মত প্রকাশ করেন এবং বিষয়টির দ্রুত সমাধান করার বিষয়ে একমত পোষণ করেন।	অতি স্বল্প সময়ের মধ্যে জনবল নিয়োগের এবং পরিচালক পদে পদোন্নতির প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে।	উপমহাপরিচালক, বিবিএস
(০৯)	আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগ	উপপরিচালক (বিনিক) জানান যে, আউট সোর্সিং এর মাধ্যমে ৩৬ জন ড্রাইভার নিয়োগের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ থেকে অনুমোদন পাওয়া গেছে।	অনুমোদিত হলে নিয়োগের কার্যক্রম সম্পন্ন করতে হবে।	উপপরিচালক, (বিনিক), এফএ অ্যান্ড এমআইএস
(১০)	বিবিএস এর ৫৩৯টি পদ সংরক্ষণ ও স্থায়ীকরণ	উপপরিচালক (বিনিক) জানান যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ৫৩৯টি পদ সংরক্ষণ ও স্থায়ীকরণের কার্যক্রম চলমান রয়েছে। ৫৩৯টি পদ সংরক্ষণের বিষয়ে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ব্যবস্থা গ্রহণ করেছে।	উপমহাপরিচালকের নির্দেশনা মোতাবেক বিনিক-৩ এর সভা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।	উপপরিচালক, (বিনিক), এফএ অ্যান্ড এমআইএস
(১১)	ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত	পরিচালক (অতিঃ দায়িত্ব), কম্পিউটার উইং জানান যে, ই-ফাইলিং এর Refresher Training ইতোমধ্যে শুরু হয়েছে। পরিচালক , এফএ অ্যান্ড এমআইএস উইং জানান, ই-ফাইলিং এ এখনো কিছু সমস্যা আছে। ই-ফাইলিং কার্যক্রম পরিচালনার জন্য ২/৩ জন কর্মকর্তাকে দায়িত্ব দেয়া যেতে পারে। সিনিয়র মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার , কম্পিউটার উইং জানান, সেন্ট্রাল ইন্টারনেট কানেকশন সমস্যার কারণে ই-ফাইলিং কার্যক্রমে সমস্যা হচ্ছে যা কিছু দিনের মধ্যেই সমাধান হবে। উপ-পরিচালক, ন্যাশনাল একাউন্টিং উইং বলেন, সার্বক্ষণিক এবং দ্রুত গতিতে ইন্টারনেট সমস্যার সমাধানের জন্য বাবু চন্দ্র শেখর রায় এর অনুপস্থিতিতে যারা কাজ করবেন তাদের একটি তালিকা প্রণয়ন করা উচিত।	পরিসংখ্যান ভবনের ইন্টারনেট সমস্যার সমাধানের জন্য বাবু চন্দ্র শেখর রায়ের অনুপস্থিতিতে কোন কোন কর্মকর্তা দায়িত্ব পালন করবেন মহাপরিচালক মহোদয়ের আদেশক্রমে তার একটি তালিকা প্রণয়ন করতে হবে।	পরিচালক (অতিঃ দায়িত্ব), কম্পিউটার উইং

ক্রমিক নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(১২)	ওয়েবসাইট হালনাগাদকরণ সংক্রান্ত	অনুষ্ঠান সূচী প্রকাশনা কর্মকর্তাকে অবহিত করতে হবে। পরিচালক , এফএ অ্যান্ড এমআইএস উইং জানান,অনুষ্ঠানের আয়োজকগণ যদি নিজস্ব উদ্যোগে তাদের তোলা ছবি ক্যাপশন সহ প্রকাশনা কর্মকর্তাকে দিয়ে সহযোগিতা করেন তাহলে কাজের মান আরো ভালো হবে।	ওয়েব পোর্টালে আপলোডের জন্য ছবি ক্যাপশন সহ দিতে হবে এবং ক্যাপশন তৈরীর জন্য প্রকাশনা কর্মকর্তা দায়িত্ব পালন করবেন।	সাইদা বেগম প্রোগ্রামার কম্পিউটার উইং এবং প্রকাশনা কর্মকর্তা বিবিএস
(১৩)	বিভাগীয়/জেলা কার্যালয়ে নিজস্ব ভবন স্থাপন	উপ-মহাপরিচালক জানান যে, জেলা প্রশাসনের নীতিগত অনুমোদন নিয়ে জমি ক্রয়ের কথা বলা যেতে পারে। এ সংক্রান্ত কাজের DP P এর দায়িত্ব পালন করবেন পরিচালক প্লানিং অ্যান্ড ডেভেলপমেন্ট সেল এবং প্রশাসনিক দায়িত্ব পালন করবেন পরিচালক , এফএ অ্যান্ড এমআইএস উইং। ঢাকা বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়ের যুগ্ম-পরিচালক বলেন, Data Processing Center জরুরী ভিত্তিতে নির্মাণ করা উচিত।	বিভাগীয় এবং জেলা কার্যালয়ে নিজস্ব ভবন এবং Data Processing Center নির্মাণের জন্য DPP প্রস্তুত করতে হবে।	যুগ্ম-পরিচালক, এফএ অ্যান্ড এমআইএস

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আমীর হোসেন
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)